JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস (DEPARTMENT OF FINANCIAL SERVICES, DFS) এবং ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ও ফিন্যান্স (DEPARTMENT OF TAXATION AND FINANCE)-কে ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীগণ কর্তৃক বিনামূল্যে ট্যাক্স জমা দেওয়ার বিকল্পসমূহ হ্রাস করার অভিযুক্ত কৌশলের ব্যাপারে তদন্ত করার নির্দেশ দিয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ও ফিন্যান্স-কে টারবো ট্যাক্স (TurboTax), এইচ অ্যান্ড আর ব্লক (H&R Block) এবং অন্যান্য প্রধান ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীদের ব্যাপারে তদন্ত করার নির্দেশ দিয়েছেন যাদের ব্যাপারে সম্প্রতি প্রকাশিত রিপোর্টে অভিযোগ করা হয়েছে যে তারা প্রতারণামূলকভাবে গুগল বিজ্ঞাপন ও ওয়েবসাইট পদ্ধতি ব্যবহার করে বিনা খরচে ট্যাক্স জমা দেওয়ার উপযোগী নিম্ন আয়ের মানুষদের জন্য ট্যাক্স জমা দেওয়ার অতিরিক্ত বিকল্পসমূহ গোপন করেছেন।

"এই সকল শীর্ষস্থানীয় ট্যাক্স রিটার্ন প্রস্তুরকারীগণের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ উদ্বেগজনক এবং যখন সম্পদশালী কর্পোরেশনসমূহের লাভ সুরক্ষিত করতে জনস্বার্থ ক্ষতিগ্রস্থ হবে তখন নিউ ইয়র্ক অলসভাবে বসে থাকবে না", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখা নিশ্চিত করতে সহায়তা করার জন্য আমি ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস এবং ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ও ফিন্যান্স-কে এই সকল দাবিসমূহ খতিয়ে দেখার নির্দেশ দিচ্ছি। এই সকল প্রতারণামূলক কর্মকাণ্ডের ব্যাপারে আমরা কোনো প্রকার ছাড় দেব না এবং এইসব গুরুতর দুষ্কর্মের জন্য দায়ী ব্যক্তিদেরকে আইনের আওতায় আনা হবে।"

আমেরিকার যে সকল বাসিন্দার সমন্বিত মোট আয় 66,000 মার্কিন ডলার বা তার চেয়ে কম তারা অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা (Internal Revenue Service, IRS), ট্যাক্স সফটওয়্যার সরবরাহকারীগণ ও নিউ ইয়র্কসহ অন্যান্য স্টেটসমূহের মধ্যকার অংশীদারিত্ব - ফ্রি ফাইল অ্যালায়েন্স (Free File Alliance) এর মাধ্যমে বিনা খরচে তাদের ট্যাক্সসমূহ জমা দেওয়ার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন। রিপোর্ট অনুযায়ী ট্যাক্স সফটওয়্যার সরবরাহকারীগণের ওয়েবসাইট গ্রাহকগণকে বিনা খরচে তাদের ট্যাক্স জমা দেওয়ার জন্য যোগ্য হওয়া সত্ত্বেও তাদেরকে সেবা গ্রহণের জন্য অর্থ প্রদান করতে প্ররোচিত করেছিল এবং গুগল সার্চ (Google searches) থেকে বিনা খরচে ট্যাক্স জমা দেওয়ার এই বিকল্পসমূহ লুকিয়ে ছিল।

নিউ ইয়র্কের ভোক্তা সুরক্ষা উদ্যোগসমূহ

গভর্নর কুওমোর প্রশাসনের অধীনে, নিউ ইয়র্ক সমগ্র স্টেটে ভোক্তা সুরক্ষা নিশ্চিত করতে নিয়ন্ত্রণমূলক ও আইনি উদ্যোগ গ্রহণ করেছে। কিছু রিপোর্টে ঋণ সংগ্রহকারী কোম্পানিসমূহ কর্তৃক ঋণ পরিশোধের জন্য আত্মীয়দের উপর চাপ প্রয়োগ করতে বিভিন্ন কৌশল ব্যবহার করার ব্যাপারটি প্রকাশিত হওয়ার পর মার্চ মাসে ঘোষণা করেন যার মাধ্যমে মৃত ঋণ গ্রহীতা ও তাদের পরিবারের বিরুদ্ধে ঋণ সংগ্রহের বিষয়কে সীমিত করা

হয়। সংশোধনের অধীনে, ঋণ সংগ্রহকারী কোম্পানিসমূহ এখন থেকে আর ঋণ পরিশোধ করার ক্ষেত্রে পরিবারের বাধ্যবাধকতা সম্পর্কে কোনো ভুল উপস্থাপনা করতে পারবে না।

এই বছরের প্রথম দিকে, ফেসবুক কর্তৃক গ্রাহকদের ব্যক্তিগত তথ্যাবলীতে প্রবেশ করার ব্যাপারে বিভিন্ন রিপোর্ট প্রকাশিত হওয়ার পর গভর্নর ডিজিটাল প্রজন্মের জন্য একটি শিক্ষা উদ্যোগও চালু করেন যার মধ্যে জনপ্রিয় ওয়েব অ্যাপ্লিকেশন ও সেবাসমূহের সেবার শর্তাবলি ও গোপনীয়তা নীতিমালাসমূহের ব্যাপারে একটি পরীক্ষা চালানোও অন্তর্ভুক্ত ছিল। ফেব্রুয়ারি মাসে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অব স্টেট (New York Department of State), ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস এবং অন্যান্য স্টেট এজেন্সিসমূহকে এই সকল রিপোর্ট খতিয়ে দেখার নির্দেশ দিয়েছিলেন এবং গ্রাহকদের অধিকারসমূহ রক্ষায় ফেডারেল নিয়ন্ত্রকদের কাছেও পদক্ষেপ গ্রহণ করার আবেদন করেছিলেন।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো জানুয়ারিতে অ্যাপল ফেস টাইম (Apple FaceTime) অ্যাপের একটি বাগ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের প্রতি একটি ভোক্তা সতর্কতা জারি করেছেন, রিপোর্ট অনুযায়ী যেটি ব্যবহারকারীদের তারা যে ব্যক্তিকে কল করছেন তিনি কল রিসিভ করা বা রিজেক্ট করার আগেই তার ডিভাইস থেকে অডিও এবং ভিডিও রিসিভ করার সুযোগ প্রদান করে। অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে গভর্নর কুওমো তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ করেছিলেন এবং গোপনীয়তা ভঙ্গের ব্যাপারে তদন্তের ঘোষণা দিয়েছিলেন এবং নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে গ্রাহকদের অভিযোগসমূহ সম্পর্কে রিপোর্ট করার জন্য ডিপার্টমেন্ট অব স্টেট'স ডিভিশন অব কনজিউমার প্রোটেকশন (Department of State's Division of Consumer Protection)-এ যোগাযোগ করার নির্দেশনা দিয়েছিলেন।

সেইসাথে FY 2020 অনুমোদিত বাজেটের অংশ হিসেবে, গভর্নর আইনসভা কর্তৃক পাশকৃত আইনে স্বাক্ষর করেছিলেন যার মাধ্যমে নিউ ইয়র্কের বাসিন্দাগণ কর্তৃক গৃহীত শিক্ষার্থী ঋণ সেবা প্রদানকারী কোম্পানিসমূহের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সুদূরপ্রসারী সংস্কার বাস্তবায়ন করা হচ্ছে। এই সকল সুরক্ষার শর্ত হলো তাদেরকে অন্যান্য উল্লেখযোগ্য ধারের পণ্যসমূহ নিয়ন্ত্রণকারী আইন ও নিয়মাবলীর সাথে সংশ্লিষ্ট মানদণ্ড অর্জন করতে হবে। নতুন আইন নিশ্চিত করবে যে কোনো শিক্ষার্থী ঋণ পরিষেবা প্রদানকারী ঋণগ্রহীতাকে ভুল পথে চালিত করতে পারবে না অথবা কোনো লুণ্ঠনমূলক কাজ বা অভ্যাসে লিপ্ত হতে পারবে না, পরিশোধিত অর্থের অপব্যবহার করতে পারবে না, ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলিকে ভুল তথ্য প্রদান করবে না, অথবা এমন অন্য কোনো অভ্যাসে লিপ্ত হতে পারবে না যা ঋণগ্রহীতার ক্ষতি করতে পারে|

কয়েক মিলিয়ন নিউ ইয়র্ক বাসিন্দার ব্যক্তিগত ডেটা প্রকাশকারী ইকুইফ্যাক্স (Equifax)-এর মতো অন্যান্য ক্রেডিট রিপোর্টিং এজেন্সিসমূহের ডেটা সম্পর্কিত লঙ্ঘনের ব্যাপারটি উঠে আসার পর গভর্নরের নির্দেশনা অনুসারে ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস একটি চূড়ান্ত নীতিমালা প্রণয়ন করে যেখানে শর্তারোপ করা হয় যে নিউ ইয়র্কে উল্লেখযোগ্য কার্য পরিচালনাকারী এজেন্সিসমূহকে DFS বরাবর নিবন্ধন করতে হবে এবং নিউ ইয়র্কের ফার্স্ট-ইন-দ্য-নেশন সাইবার নিরাপত্তা মানদণ্ড মেনে চলতে হবে। এই আইনে DFS সুপারিন্টেন্ডেন্টকে কোনো গ্রাহক ক্রেডিট রিপোর্টিং এজেন্সিকে নিউ ইয়র্কের নিয়ন্ত্রিত আর্থিক প্রতিষ্ঠান বা গ্রাহকদের সাথে ব্যবসা করার অনুমোদন প্রত্যাখ্যান করা, বাতিল করা বা তাকে সম্ভাব্যভাবে তিরস্কার করার ক্ষমতা দেওয়া হয়েছে যদি সেই এজেন্সিকে সুনির্দিষ্ট নিষিদ্ধ কার্যক্রমের ব্যাপারে আইন লঙ্ঘন করতে দেখা যায়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন